গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৭০.১৮-১১৫

তারিখঃ ১৩ ফাল্গুন ১৪২৬ ব. / ২৬ ফেব্রুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশনননং-১৫৬২৭/২০১৭ মামলার ২১/০১/২০২০ তারিখে আদেশ তথা রুল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত (ট্রাস্ট কর্তৃক পরিচালিত) দারুলফালাহ ফাযিল মাদ্রাসা, বেগমগঞ্জ, নোয়াখালী এর গভর্নিং বডির বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত।

সূত্র:
(১) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৭০.১৮-৩৫৬, তারিখ: ১৫/১০/২০১৮ খ্রি.
(২) ইআবি'র স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/৪৮০৮ তারিখ: ১২/০২/২০১৮ খ্রি.
(৩) ইআবি'র স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/৪৬৮৭ তারিখ: ২৫/০১/২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলাধীন দারুলফালাহ ফাযিল মাদ্রাসা'র গভর্নিং বডির (ট্রাস্ট) বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের বিষয়ে ২৪/০৫/২০১৭ তারিখে দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তির জন্য প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক রিট পিটিশন নং- ১৫৬২৭/২০১৭ মামলা দায়ের করা হয়। উক্ত মামলার ০৬/১১/২০১৭ খ্রি. তারিখে অন্তবর্তীকালীন আদেশ অনুযায়ী পিটিশনারে ২৪/০৫/২০১৭ তারিখের আবেদনটি নিষ্পত্তিক্রমে তথ্যাদি টিএমইডিতে প্রেরণের জন্য ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়-কে ১৫/১০/২০১৮ তারিখে সূত্রোক্ত (১) স্মারকে পত্র প্রেরণ করা হয়।

০২। তৎপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় হতে পিটিশনার এর ২৪/০৫/২০১৭ তারিখের আবেদনটি গত ১২/০২/২০১৮ সূত্রোক্ত (২) নং স্মারকের মাধ্যমে নিষ্পত্তি করা হয়।

০৩। উল্লেখ্য পিটিশনার (জনাব মোহাম্মদ বদরুদ্দোজা, বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ)-এর ২৪/০৫/২০১৭ তারিখের আবেদনটি নিষ্পত্তি করার জন্য ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক ০৭/০২/২০১৮ তারিখে সকাল ১১ টায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হওয়ার জন্য ২৫/০১/২০১৮ তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকে পিটিশনার বরারব পত্র প্রেরণ করা হয় ও একাধিকবার মোবাইল ফোনের মাধ্যমে যোগাযোগ করা হয় মর্মে উল্লেখ রয়েছে।

০৪। কিন্তু পিটিশনার (জনাব মোহাম্মদ বদরুদ্দোজা, বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ) ০৭/০২/২০১৮ তারিখে নির্ধারিত সময়ে উপস্থিত না হওয়ায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক সূত্রোক্ত (২) নং স্মারকের অনুলিপিতে বর্ণিত ০৬ জন ব্যক্তির উপস্থিতিতে পিটিশনার এর ২৪/০৫/২০১৭ তারিখের আবেদনটি নিম্নরুপ নিষ্পত্তি করা হয়-

**"ট্রাস্ট আইন মোতাবেক মাদ্রাসাটি দারুল ফালাহ ফাউন্ডেশন ট্রাস্টে অন্তর্ভুক্তির কার্যক্রম সমাপ্ত না হওয়ায় এবং অধ্যক্ষ কর্তৃক ০৮/১১/২০১৭ ইং তারিখে দারুল ফালাহ ফাজিল মাদ্রাসাকে ট্রাস্টের অন্তর্ভুক্তি না করার চুক্তিবদ্ধ হওয়ায়, আপনার আবেদন মোতাবেক ট্রাস্ট কর্তৃক পরিচালিত গভর্নিং বডির বিদ্যোৎসাহী মনোনয়ন দেয়া সম্ভব নয় মর্মে ২৪/০৫/২০১৭ ইং তারিখের আবেদনটি নিষ্পত্তি করা হলো এবং এডহক কমিটির প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো"**

০৫। অত:পর পিটিশনারের আবদনের প্রেক্ষিতে রিট পিটিশন নং-১৫৬২৭/২০১৭ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ০৪/০৪/২০১৮ তারিখে শুনানী শেষে নিম্নরুপ রুল জারি করা হয়-

"Let a supplementary Rule Nisi be issued calling upon the respondents to show cause as to why the memo no. ইআবি/রেজি/প্রশা/৪৮০ dated 12.02.2018 (Anneuxe-K1) to the application should not be declared to have made without lawful authority and is of no legal effect and/or pass such other of further order of orders as to this Court may seem fit and proper.

০৬। পিটিশনার এর ২৪/০৫/২০১৭ তারিখের আবেদনটি নিষ্পত্তিক্রমে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় হতে জারীকৃত ১২/০২/২০১৮ তারিখের ৪৮০ সংখ্যক স্মারকের কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা হবেনা সে মর্মে প্রতিপক্ষগনের প্রতি জারীকৃত supplementary রুল এর কপি সংযুক্ত করে রুলটি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত প্রতিষ্ঠানের দৈনন্দিন কার্যক্রম পরিচালনার জন্য অন্তবর্তীকালীন গভর্নিং বডি (ট্রাস্ট) এর প্রস্তাবিত বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের জন্য রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়-কে নির্দেশনা প্রদানের জন্য পিটিশনার সচিব, টিএমইডি বরাবর আবেদন করা হয়।

০৭। তৎপরবর্তীতে রিট পিটিশন নং-১৫৬২৭/২০১৭ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক শুনানীয়ন্তে ২১/০১/২০২০ তারিখে নিম্নরুপ নির্দেশনা প্রদান করা হয়-

"This is an application filed by the petitioner applicant for stay. On the prayer of the learned advocate for the petitioner, let the application for stay by kept on record

০৮। মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ২১/০১/২০২০ তারিখে প্রদত্ত নির্দেশনামতে রুল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত অন্তবর্তীকালীন গভর্নিং বডি (ট্রাস্ট) কর্তৃক পরিচালিত দারুলফালাহ ফাযিল মাদ্রাসা'র গভর্নিং বডির বিদ্যোৎসাহী প্রতিনিধি মনোনয়নের জন্য বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক পুনরায় সম্পুরক আবেদন দাখিল করা হয়েছে।

চলমান পাতা-০২

০৯। যেহেতু অধ্যক্ষ, দারুলফালাহ ফাযিল মাদ্রাসা এর আবেদনের বিষয়বস্তু হলো ইসলামি আরবী বিশ্ববিদ্যালয় কর্তৃক উক্ত মাদ্রাসার গভর্ণিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন সংক্রান্ত এবং উক্ত মনোনয়নের বিষয়টি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক সম্পন্ন হয়ে থাকে;

১০। যেহেতু গভর্ণিং বডিতে (উক্ত দারুলফালাহ ফাযিল মাদ্রাসা'র) বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন বিষয়ে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত পদক্ষেপের তথ্য পিটিশনার তথা উক্ত মাদ্রাসার অধ্যক্ষ-কে (সূত্রোক্ত ২ নং স্মারকের মাধ্যমে) অবহিত করা হয়েছে;

১১। সেহেতু উক্ত মাদ্রাসা'র গভর্ণিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন বিষয়ে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক কার্যক্রম গ্রহণের পরও সচিব, টিএমইডি বরারব আবেদন করার কারণ ব্যাখ্যা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫/02/2020

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

অধ্যক্ষ
দারুলফালাহ ফাযিল মাদ্রাসা
খানপুর, উপজেলা- বেগমগঞ্জ
জেলা- নোয়াখালী।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
২। রেজিস্ট্রার, ইসলামি আরবী বিশ্ববিদ্যালয়, বাড়ি নং-১২৪/৯০/৩ব্লক বি, সড়ক নং-০২,ধানমন্ডি, বসিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৬। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৭। অফিস কপি/মাস্টার কপি।